

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-৩। বাজার দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। বাজার দরের তুলনামূলক বিবরণ।

সংযুক্ত ক্র: নং-৫। কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of Rota Plus (Rotenone) for fish killing with related service at PSTP (Lot-1).

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে অর্থাৎ মডস জোনগুলোতে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) ও নারিন্দায় ১টি কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন (সিপিএস) রয়েছে। উক্ত এস.এল.এসগুলোসহ প্ল্যান্টের লিফট পাম্প, ব্লাজ পাম্প, মেজারিং ডিস্ট্রিবিউশন চেম্বার, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইনের যাবতীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হয়ে পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে নারিন্দা লিফটিং পাম্পের মাধ্যমে পাম্পিং করে ট্রাংক মেইন হয়ে পয়ঃসমূহ প্ল্যান্টের ইনলেট চেম্বারে জমা হয়। উক্ত পয়ঃসমূহ লিফট পাম্পের মাধ্যমে পাম্পিং করে গ্রিড চেম্বারের মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বার হয়ে ৪টি সেডিমেন্টেশন ট্যাংকে যায়। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে পয়ঃসমূহ ৬০-৭০ % পরিশোধিত হয়ে পরবর্তি ধাপে অর্থাৎ মেজারিং ডিস্ট্রিবিউশন চেম্বারে যায়। যা পরবর্তিতে ফ্যাকালটেটিভ লেগুন হয়ে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। ডিসচার্জ টেম্বারে মোট ৪ টি সুইচ গেট রয়েছে। উক্ত সুইচ গেটগুলো অপারেশন করে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে পয়ঃ প্রেরণ করা হয়। লেগুন টাইপ এ ৮টি ভলিউম ৪১৫৮০০.০০ ঘনমিটার এবং টাইপ বি এর ভলিউম ৩৩৫৬৮৮.০০ লেগুনের সর্বমোট ৭৫১৪৮৮.০০ ঘনমিটার লেগুন সমূহে প্রাকৃতিক ভাবে জন্মানো মাছ ০২ মাস অন্তর অন্তর মারার জন্য রোট প্লাস প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে বাজার দরের ভিত্তিতে "Supply of Rota Plus (Rotenone) for fish killing with related service at PSTP (Lot-1)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৯,৯৯,৩০০.৯৭১ (নয় লক্ষ নিরানব্বই হাজার তিনশত দশমিক নয় সাত এক) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট সংশোধিত বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার প্লান্ট (ও এন্ড এম)" এর (কোড ০১-০৪-০১১) খাতের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২১৩; প্যাকেজ নং-RG49 হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of Rota Plus (Rotenone) for fish killing with related service at PSTP (Lot-1)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৯,৩০০.৯৭১ (নয় লক্ষ নিরানব্বই হাজার তিনশত দশমিক নয় সাত এক) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার প্লান্ট (ও এন্ড এম)” এর (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


18/5/25

মোঃ নুর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


18.৫.২০২৫

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


18/05/2025


মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

পয়ঃ শোধ
০৫/২৫

SE(WSTPC)

১০৮ অনুমোদিত।

SE(PSTP)


18/05/25
মিজা গোলাম কিব্রিয়া
তত্ত্বাবধায়ন প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।